গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-১ অধিশাখা
**www.sid.gov.bd**

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের আগস্ট, ২০২২ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. শাহনাজ আরেফিন এনডিসি
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ ও সময় : ২৫ সেপ্টেম্বর, ২০২২ খ্রি. সকাল ৯.৩০ ঘটিকা
স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলনকক্ষ, ব্লক-এ, লেবেল-১০
উপস্থিতি : সংযোজনী-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (উন্নয়ন-১), মিজ নূরজাহান জানান, বিগত সভার কার্যবিবরণী ইতোপূর্বে সকল সদস্যগণের নিকট প্রেরণ করা হয়েছিল। তিনি সভায় উক্ত কার্যবিবরণী উপস্থাপন করেন এবং কোনো প্রকার সংশোধন/পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর তিনি জানান, উন্নয়ন-৩ অধিশাখার মাসিক ব্যয় বিবরণী অনুযায়ী ২০২২-২০২৩ অর্থবছরে চলমান ১৩টি প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ২৯৪২৪০.৪১ লক্ষ (দুই হাজার নয়শত বিয়াল্লিশ কোটি চল্লিশ লক্ষ একচল্লিশ হাজার) টাকা, চলতি অর্থবছরে মোট এডিপি বরাদ্দ ১২৯০০.০০ লক্ষ (এক শত ঊনত্রিশ কোটি) টাকা এবং চলতি অর্থবছরের আগস্ট, ২০২২ মাস পর্যন্ত মোট ব্যয় ৩০২.০৯ লক্ষ (তিন কোটি দুই লক্ষ নয় হাজার) টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে আগস্ট ২০২২ পর্যন্ত আর্থিক অগ্রগতি ২.৩৪%। অন্যদিকে আইএমইডি এর তথ্যানুযায়ী এডিপি বাস্তবায়নে আগস্ট, ২০২২ মাসে জাতীয় অগ্রগতি ৩.৮৫%।

২। সভায় প্রকল্পভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃনং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | **জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প (২য় সংশোধিত)**<br><br>মেয়াদ: জুলাই ২০১৯- জুন ২০২৪ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ১৫৭৫ কোটি ৬৮ লক্ষ ২ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মো. দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। | প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩১ কোটি ৫৭ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমান ৫ কোটি ১০ লক্ষ ৭৭ হাজার টাকা। আগস্ট, ২০২২ মাসে কোন ব্যয় হয়নি। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ০.০০%।<br><br>সভাপতি প্রকল্পের অগ্রগতি জানতে চাইলে প্রকল্প পরিচালক সভায় জানান, ইতোমধ্যে প্রকল্পের আওতায় পরিচালিত জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর প্রাথমিক প্রতিবেদন বাংলা ও ইংরেজি ভাষায় প্রকাশিত হয়েছে। এ প্রতিবেদনটি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/হাইকমিশনসমূহ/উন্নয়ন সহযোগী সংস্থাসমূহে প্রেরণ করা হয়েছে। বাংলায় ২৫০০টি রিপোর্ট প্রকাশিত হয়েছে এবং ইতোমধ্যে ২১০০টি রিপোর্ট বিতরণ করা হয়েছে। তিনি আরো জানান, মাননীয় মন্ত্রী মহোদয় এ রিপোর্ট দেশের সকল জেলা, উপজেলা পর্যায়ের সরকারী দপ্তরসমূহে প্রেরণের নির্দেশনা প্রদান | ক) ডিপিপির সংস্থান অনুযায়ী প্রয়োজনীয়তার নিরিখে প্রাথমিক প্রতিবেদন (বাংলা ও ইংরেজি) প্রকাশ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), মহাপরিচালক বিবিএস উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক |

| ক্রঃনং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | করেছেন। এর ফলে প্রায় ১০০০টি রিপোর্ট ছাপানোর প্রয়োজন হবে। ইতোমধ্যে PIC কমিটিতে বিষয়টি অনুমোদন দেয়া হয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন।<br><br>প্রকল্প পরিচালক সভায় আরো জানান, আগামী ০৯-১৬ অক্টোবর ২০২২ সময়ে BIDS কর্তৃক জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর PEC (Post Enumeration Check) কার্যক্রম পরিচালিত হবে। এলক্ষ্যে গণনাকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ প্রদান করা হবে।<br><br>তিনি আরো জানান, আগামী ০৯ অক্টোবর ২০২২ তারিখ রাত ১২.০০ ঘটিকা PEC (Post Enumeration Check) নাইট হিসেবে গণ্য হবে।<br><br>প্রকল্প পরিচালক বলেন, PEC সম্পন্ন হওয়ার পরে দীর্ঘ প্রশ্নপত্রের মাধ্যমে আর্থ-সামাজিক জরিপ পরিচালনা করা হবে এবং এ লক্ষ্যে প্রারম্ভিক কার্যক্রম শুরু করা হয়েছে। ইতোমধ্যে খসড়া প্রশ্নপত্র তৈরি করা হয়েছে।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, অর্থ বিভাগের সম্প্রতিক পরিপত্র অনুযায়ী কয়েকটি কোডে অর্থ ব্যয়ের সীমাবদ্ধতা রয়েছে। PEC কার্যক্রম পরিচালনার প্রয়োজনে ইতোমধ্যে এ বিভাগ থেকে কোডভিত্তিক পুণ:বিভাজন এর অনুমোদন নেয়া হয়েছে। তিনি বলেন এরুপ সীমাবদ্ধতার কারণে বিবিএস এর শুমারি/জরিপ কার্যক্রমসমূহ মাঠ পর্যায়ে সুষ্ঠুভাবে পরিচালনায় সমস্যা হচ্ছে। | খ) নির্ধারিত সময়ে PEC সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং ১৫ নভেম্বর ২০২২ এর মধ্যে PEC রিপোর্ট প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>গ) কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে মাঠ পর্যায়ে আর্থ-সামাজিক জরিপ পরিচালনা করতে হবে।<br><br>ঘ) অর্থ বিভাগ থেকে জারীকৃত পরিপত্রসমূহে উন্নয়ন প্রকল্পের কতিপয় কোডের ব্যয় পরিচালনায় প্রদত্ত সীমাবদ্ধতার কারণে বিবিএস এর চলমান প্রকল্পসমূহের আওতায় বিভিন্ন শুমারি/জরিপ কার্যক্রমসমূহের সুষ্ঠু বাস্তবায়নে উদ্ভুত সমস্যাদির বিষয়ে মাননীয় পরিকল্পনা মন্ত্রী মহোদয়ের সাথে আলোচনার জন্য মহাপরিচালক, বিবিএস একটি পজিশন পেপার/অবস্থানপত্র ও প্রেজেন্টেশন প্রস্তুত করবেন। পরবর্তীতে বিষয়টি নিয়ে অর্থ বিভাগের সাথে আলোচনা করা হবে। | |

| ক্রঃনং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২ | **National Strategy for Development of Statistics (NSDS) Implementation Support প্রজেক্ট (১ম সংশোধিত):**<br><br>প্রকল্প মেয়াদ: মার্চ ২০১৮-ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ১৩৪ কোটি ২ লক্ষ টাকা (জিওবি : ১৪ কোটি ২ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য (বিশ্বব্যাংক): ১২০ কোটি টাকা)।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মোঃ দিলদার হোসেন, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। | প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৪৪ কোটি টাকা এর মধ্যে জিওবি ৪ কোটি এবং প্রকল্প সাহায্য ৪০ কোটি টাকা। জিওবি খাতে ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি টাকা। আগস্ট ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৯০ লক্ষ ৫৪ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ২.০৬%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, ইতোমধ্যে প্রকল্পের আওতায় শ্রমশক্তি জরিপের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। বর্তমানে ন্যাশনাল একাউন্টিং উইং এর QIIP (Quantum Index of Industrial Production) এবং PPI (Producer Price Index) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।<br><br>তিনি জানান, প্রকল্পের আওতায় মোট ২৪টি ডেলিভারেবলস প্রস্তুতের কাজ চলছে। এর মধ্যে ১৪টি ডেলিভারেবলস ফাইনাল হয়েছে।<br><br>তিনি সভায় আরও জানান, প্রকল্পের আওতায় অভ্যন্তরীণ প্রশিক্ষণ নিয়মিত অনুষ্ঠিত হলেও অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী বৈদেশিক প্রশিক্ষণ আয়োজন করা যায়নি। তবে অতি সম্প্রতি বৈদেশিক প্রশিক্ষণ বিষয়ে অর্থ বিভাগ থেকে নতুন আরেকটি পরিপত্র জারী করা হয়েছে।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, প্রকল্পের আওতায় বিবিএস এর ওয়েবসাইট উন্নয়নের কাজ চলমান রয়েছে।<br><br>তিনি বলেন, প্রকল্পের আওতায় খসড়া আইটি প্ল্যান প্রণয়ন করা হয়েছে।<br><br>তিনি জানান প্রকল্পটির মেয়াদবৃদ্ধির লক্ষ্যে টিএপিপি সংশোধনের কাজ চলমান রয়েছে। | ক) টিএপিপি এবং কর্মপরিকল্পনা অনুযায়ী নিয়মিতভাবে অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে।<br><br>খ) অবশিষ্ট ১০টি ডেলিভারেবলস প্রস্তুত ও চূড়ান্তকরণের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>গ) চূড়ান্তকৃত ১৪টি ডেলিভারেবলস বিবিএস এর কোন উইং এ রিসিভ করা হয়েছে এবং বর্তমানে এগুলোর কী অবস্থা সে সম্পর্কে প্রকল্প পরিচালক পরবর্তী সভায় বিস্তারিত অবহিত করবেন।<br><br>ঘ) অর্থ বিভাগের সর্বশেষ পরিপত্র অনুসরণ করে বৈদেশিক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>ঙ)ওয়েবসাইট উন্নয়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>চ) পরবর্তী সভায় প্রকল্প পরিচালক খসড়া আইটি প্ল্যান উপস্থাপন করবেন।<br><br>ছ) বিশ্বব্যাংকের সম্মতিসহ অর্থনৈতিক সর্ম্পক বিভাগের অনাপত্তি গ্রহণ করে মেয়াদবৃদ্ধির জন্য টিএপিপি সংশোধনের কার্যক্রম | অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-৩ অধিশাখা) এবং প্রকল্প পরিচালক। |

| ক্রঃনং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | পরিচালনা করতে হবে।<br><br>জ) বিবিএস এর ECDS প্রকল্পের SEEA কার্যক্রমটি NSDS এর সাথে কোথায়, কীভাবে সামঞ্জস্যতা রয়েছে, সে সম্পর্কে ECDS প্রকল্প পরিচালক পরবর্তী সভায় উপস্থাপনা প্রদান করবেন। | |
| ৩ | **ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ প্রকল্প (৪র্থ সংশোধিত):**<br><br>প্রকল্প মেয়াদ:<br>জুলাই ২০১৩ - ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ৭২৭ কোটি ৩৫ লক্ষ টাকা (জিওবি: ৪০ কোটি ৫৪ লক্ষ ৫২ হাজার টাকা, প্রকল্প সাহায্য (বিশ্বব্যাংক): ৬৮৬ কোটি ৮০ লক্ষ ৪৮ হাজার টাকা)।<br><br>প্রকল্প পরিচালক : জনাব কাজী তোফায়েল হোসেন, উপসচিব, বিবিএস। | প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১৬ কোটি ০৯ লক্ষ টাকা এর মধ্যে জিওবি ৪ কোটি ২৪ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ১১ কোটি ৮৫ লক্ষ টাকা। জিওবি খাতে ছাড়কৃত অর্থের পরিমাণ ৩৭ লক্ষ ২৫ হাজার টাকা। আগস্ট ২০২২ পর্যন্ত ব্যয় হয়েছে ৫০ লক্ষ ১১ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৩.১২%।<br><br>সভাপতি প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি জানতে চান। জবাবে প্রকল্প পরিচালক সভায় জানান, গতকাল পর্যন্ত ১২টি জেলার ডাটাবেস সংশোধনের কাজ সম্পন্ন হয়েছে। চলতি মাসে আরো ০৩টি জেলার কাজ সম্পন্ন হবে। বর্তমানে ১৩ এবং ১৪ নং জেলার (হবিগঞ্জ এবং সিলেট) কাজ চলছে। তিনি জানান, ডিসেম্বর/২০২২ পর্যন্ত সময়ে ২০-২১টি জেলার ডাটাবেস সংশোধনের কাজ সম্পন্ন হবে। | ক) ডাটাবেস সংশোধনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>খ) ডাটাবেস সংশোধন ও হালনাগাদকরণের জন্য নতুন প্রকল্প প্রস্তাব প্রণয়ন কর্মপরিকল্পনা বিষয়ে দ্রুত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব মহোদয়ের নিকট উপস্থাপনা প্রদান করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-৩/পরিকল্পনা অধিশাখা)<br>ও<br>প্রকল্প পরিচালক |
| ৪ | **হাউজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES ২০২০-২১) প্রকল্প (১ম সংশোধিত):**<br><br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০২০-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ১৪ কোটি ১২ লক্ষ ৮০ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক:<br>ড. দিপংকর রায়, উপসচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ। | প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৫ কোটি ৬৫ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৯৭ লক্ষ ৮৬ হাজার টাকা। আগস্ট ২০২২ পর্যন্ত মোট ব্যয় ৩৫ লক্ষ ৮৪ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৬.৩৪%।<br><br>প্রকল্পটির কার্যক্রম বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক সভায় জানান, বর্তমানে মাঠ পর্যায়ে প্রকল্পের ১৪ তম টার্মের ডাটা কালেকশন চলছে। ডিসেম্বর/২০২২- এ ০১ বছর ব্যাপী ডাটা কালেকশন সম্পন্ন হবে।<br><br>তিনি জানান, ইতোমধ্যে প্রকল্পটির টিএপিপি সংশোধন করা হয়েছে।<br>তিনি আরো জানান বিবিএস এ বিদ্যমান Poverty সেলটি কার্যকর ও উন্নয়ন করা প্রয়োজন। এ বিষয়ে ইতোমধ্যে বিশ্বব্যাংকের সাথে আলোচনা হয়েছে। | ক) ডিসেম্বর/২০২২-এ ডাটা কালেকশন সম্পন্ন হলে আগামী ৩১ মার্চ ২০২৩ সময়ের মধ্যে HIES/২০২০-২০২১ এর প্রাথমিক রিপোর্ট প্রকাশ করে সাধারণ অর্থনীতি বিভাগ (GED)কে প্রদানের ব্যবস্থা নিতে হবে।<br><br>খ) বিবিএস এর Poverty সেলটি -কে | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID,<br>মহাপরিচালক বিবিএস,<br>উপসচিব (উন্নয়ন-৩ অধিশাখা)<br>ও<br>প্রকল্প পরিচালক |

| ক্রঃনং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | প্রকল্প পরিচালক বলেন, ইতোমধ্যে মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক মাদারীপুর জেলায় HIES এর ডাটা কালেকশন কার্যক্রম পরিদর্শন করা হয়েছে এবং মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক পরিদর্শনের বিষয়ে তাঁর দপ্তরের সাথে যোগাযোগ অব্যহত রয়েছে। | কার্যকর করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে।<br>গ) মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের পরিদর্শন বিষয়ে তাঁর দপ্তরে যোগাযোগ করে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে। | |
| ৫ | **কৃষি (শস্য, মৎস্য ও প্রাণি সম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প (২য় সংশোধিত):**<br>প্রকল্প মেয়াদ:<br>মে ২০১৭ -ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৩৬১ কোটি ৬৯ লক্ষ ৬ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক: জনাব আলাউদ্দিন আল আজাদ, পরিচালক, বিবিএস। | প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১০ কোটি ৫৩ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) । ছাড়কৃত অর্থের পরিমাণ ২ কোটি ২০ লক্ষ টাকা। আগস্ট ২০২২ পর্যন্ত মোট ব্যয় ৯ লক্ষ ২৩ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ০.৮৮%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান, প্রকল্পটির আওতায় রিপোর্ট প্রকাশের কাজ বাকী রয়েছে।<br>তিনি বলেন, জেলা রিপোর্ট, ন্যাশনাল রিপোর্ট এর খসড়া প্রস্তুত করা হয়েছে। তিনি জানান, জেলা রিপোর্টে প্রায় ১৫০০টি টেবিল রয়েছে। বর্তমানে টেবিলের তথ্য-উপাত্তগুলো পুন:চেক করা হচ্ছে।<br>এ প্রসঙ্গে সভাপতি বলেন, মাঠ পর্যায় থেকে কৃষি পরিসংখ্যান সংক্রান্ত যে রিপোর্টসমূহ আসে সেখানে কৃষি, মৎস্য এবং বন অফিসের সাথে সমন্বয়ের অভাব দেখা যায়। তিনি সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে সমন্বয় করে এ কাজটি করার জন্য মহাপরিচালক, বিবিএস এর দৃষ্টি আকর্ষণ করেন। সভাপতি এ বিষয়ে প্রকল্প পরিচালক-কে পরবর্তী সভায় বিস্তারিতভাবে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br>আলোচনার এ পর্যায়ে মহাপরিচালক, বিবিএস বলেন, বিবিএস এর প্রকল্পসমূহের বিশেষ করে সেন্সাস প্রকল্পের রিপোর্ট প্রণয়ন ও চূড়ান্তকরণ বিষয়ে কারিগরি অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিবর্গ ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রতিনিধিদের মতামত/পরামর্শ গ্রহণের প্রয়োজনে একটি টেকনিক্যাল কমিটি থাকা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) তথ্য-উপাত্ত ভালোভাবে যাচাইঅন্তে দ্রুত রিপোর্টসমূহ প্রস্তুত ও প্রকাশের ব্যবস্থা গ্রহণ করে নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্ত করতে হবে।<br>খ) বিবিএস এর কৃষি সংক্রান্ত নিয়মিত পরিসংখ্যান প্রস্তুত কার্যক্রমে মাঠ পর্যায়ের কৃষি/মৎস্য/বন অফিসের সাথে সমন্বয় রাখতে হবে। মহাপরিচালক, বিবিএস বিষয়টি মনিটর করবেন।<br>গ) পরিকল্পনা বিভাগের নির্দেশিকা/পরিপত্র অনুযায়ী টেকনিক্যাল কমিটি গঠনের প্রবিশন না থাকলে সেক্ষেত্রে প্রয়োজনীয়তা এবং গুরুত্বের আলোকে এরূপ কমিটি গঠনের প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা যেতে পারে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) এবং প্রকল্প পরিচালক |
| ৬ | **"ইমপ্রুভমেন্ট অব জিডিপি কম্পাইলেশন এন্ড রিবেজিং অব ইন্ডিসিস" প্রকল্প (২য় সংশোধিত):**<br>প্রকল্প মেয়াদ: মার্চ ২০১৮- | প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১ কোটি ৮৪ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ১৯ লক্ষ ৯৮ হাজার টাকা। আগস্ট ২০২২ মাসে মোট ব্যয় ১ লক্ষ ৪৪ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ০.৭৮%। | | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-৩) ও |

| ক্রঃনং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | জুন ২০২৩ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ৯ কোটি ৮৬ লক্ষ ৪৮ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক :<br>জনাব মোহাম্মদ আবদুল কাদির মিয়া, পরিচালক, বিবিএস। | প্রকল্পের কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক সভায় জানান, NSDS প্রকল্প হতে QIIP এবং PPI বিষয়ে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলছে।<br>তিনি জানান, গত ২৩/০৯/২০২২ তারিখে CPI, QIIP, PPI এবং HRI ইনডেক্সসমূহের বিষয়ে মহাপরিচালক, বিবিএস এর সভাপতিত্বে PIC সভা অনুষ্ঠিত হয়েছে। ০৬টি ইনডেক্স তৈরীর কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভায় অবহিত করেন। | ইনডেক্সসমূহ প্রস্তুতের কার্যক্রম দ্রুত সম্পন্ন করে নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্ত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৭ | **পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প:**<br><br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০১৯-জুন ২০২৩ পর্যন্ত।<br><br>প্রাক্কলিত ব্যয়: ৩৬ কোটি ৬ লক্ষ ৭৪ হাজার টাকা (জিওবি)।<br><br>প্রকল্প পরিচালক: জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৬ কোটি ২০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ১ কোটি ১৯ লক্ষ ৭২ হাজার টাকা। আগস্ট, ২০২২ মাসে মোট ব্যয় ৩৮ লক্ষ ৩২ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৬.১৮%।<br><br>প্রকল্প পরিচালক সভায় জানান, প্রকল্পের আওতায় BDRS (Bangladesh Disaster Related Statistics) রিপোর্ট ইংরেজিতে প্রণয়ন করা সম্পন্ন হয়েছে এবং বর্তমানে রিপোর্টটি বাংলায় প্রণয়নের কাজ চলমান রয়েছে।<br><br>তিনি বলেন, ইতোমধ্যে টাঙ্গাইল জেলায় UNDP এর সহযোগিতায় ০৪ দিনব্যাপী Resourse Account এর উপর প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br><br>সভাপতি Resourse Account প্রণয়নসহ ECDS প্রকল্পটির কাজ বিবিএস এর অন্যান্য উইং এর কর্মকর্তাগণ জানেন কীনা জিজ্ঞাসায় সভায় উপস্থিত কয়েকজন সদস্য অবহিত নন মর্মে জানান।<br><br>এ পর্যায়ে সভাপতি বিবিএস এর কর্মকর্তাগণকে নিজ নিজ উইং ছাড়াও অন্যান্য উইং এর কার্যক্রম সম্পর্কে অবহিত থাকার নির্দেশনা প্রদান করেন।<br><br>প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের আওতায় একজন সিনিয়র কনসালটেন্ট নিয়োগের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। তিনি জানান OTM পদ্ধতিতে এক্ষেত্রে ০১টি প্রোপোজাল পাওয়া গেছে। এ প্রসঙ্গে মহাপরিচালক, বিবিএস এরূপ নিয়োগে একাধিক প্রোপোজাল প্রাপ্তি ও মূল্যায়ণে নিয়োগ প্রদানের উপর গুরুত্বারোপ করেন। | ক) BDRS রিপোর্ট বাংলায় প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>খ)বিবিএস এর সকল কর্মকর্তা-কে নিজ উইং ছাড়াও অন্যান্য উইং এর কার্যক্রম সম্পর্কে অবহিত থাকতে হবে।<br><br>গ) PPA- ২০০৬ এবং PPR-২০০৮ অনুযায়ী পরামর্শক নিয়োগের বিষয়টি পুণ:যাচাই করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক |

| ক্রঃনং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৮ | **জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প (১ম সংশোধিত):**<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০১৯- ডিসেম্বর ২০২২ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৬৪ লক্ষ ৪৩ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>জনাব ইফতেখাইরুল করিম, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৪৮ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ১১ লক্ষ ১৮ হাজার টাকা। আগস্ট, ২০২২ মাসে মোট ব্যয় ৬ লক্ষ ৭৮ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ১৪.১৩%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান, প্রকল্পটি আগামী ডিসেম্বর ২০২২ এ সমাপ্তির জন্য নির্ধারিত রয়েছে এবং প্রকল্পের আওতায় বাংলা ও ইংরেজিতে রিপোর্ট প্রণয়নের কাজ চলমান রয়েছে। তিনি জানান, আগামী নভেম্বর, ২০২২ এর মধ্যে রিপোর্ট প্রণয়নের কাজ শেষ হয়ে যাবে। | নভেম্বর, ২০২২ সময়ের মধ্যে বাংলা ও ইংরেজি ভার্সনে রিপোর্ট প্রণয়নের কাজ সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২), এবং প্রকল্প পরিচালক |
| ৯ | **শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প:**<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২০-জুন ২০২৪ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ১৪ কোটি ৩৬ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>মিজ্ আজিজা রহমান, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩ কোটি ০১ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৭৫ লক্ষ ২৫ হাজার টাকা। আগস্ট, ২০২২ সময়ে মোট ব্যয় হয়েছে ২৭ লক্ষ ৮২ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ৯.২৪%।<br>প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক সভায় জানান, বর্তমানে মাঠ পর্যায়ে প্রকল্পটির ৩য় কোয়ার্টারের ডাটা কালেকশনের কাজ চলছে। এ মাসে ৩য় কোয়ার্টারের কাজ সম্পন্ন হয়ে যাবে।<br>এ পর্যায়ে সভাপতি জানান, বিবিএস এর সকল শুমারি/জরিপ কার্যক্রম CAPI পদ্ধতিতে ডিজিটাল সিস্টেমে অনুষ্ঠিত হচ্ছে বিধায় জরিপ সম্পন্ন হওয়ার এক (০১) মাসের মধ্যে প্রাথমিক প্রতিবেদন প্রকাশের নির্দেশনা প্রদান করেন।<br>প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটির ডিপিপি সংশোধনের বিষয়ে আগামী ২৭/০৯/২০২২ তারিখে DPEC সভা অনুষ্ঠিত হবে। এডিপিতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না থাকায় তথ্য সংগ্রহকারীদের বেতন ভাতাদি পরিশোধের জন্য অতিরিক্ত অর্থের প্রয়োজন। তিনি আরো জানান, NSDS প্রকল্প থেকে শ্রমশক্তি জরিপের রিফ্রেশার্স প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।। | ক) জরিপ কার্যক্রম সম্পন্ন হওয়ার এক (০১) মাসের মধ্যে প্রাথমিক প্রতিবেদন প্রকাশের ব্যবস্থা নিতে হবে।<br>খ) ডিপিপি সংশোধনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>গ) প্রকল্পের প্রয়োজনীয়/অতিরিক্ত অর্থ বরাদ্দের বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) SID এবং প্রকল্প পরিচালক |
| ১০ | **টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরুপণ জরিপ প্রকল্প (১ম সংশোধিত)।**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২০২১ -জুন ২০২৩ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৫ কোটি ২৯ লক্ষ টাকা (জিওবি)। | প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩ কোটি ৭৩ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৭৬ লক্ষ ৯০ হাজার টাকা। আগস্ট, ২০২২ মাসে মোট ব্যয় ৮ লক্ষ ৬২ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ২.৮১%। | | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-১) এবং প্রকল্প পরিচালক |

| ক্রঃনং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | প্রকল্প পরিচালক:<br>জনাব মো. গোলাম মোস্তফা, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্প পরিচালক সভায় জানান, প্রকল্পটির আওতায় চলতি অর্থবছরের ২য় কোয়ার্টারে জরিপ কার্যক্রম পরিচালনা করার পরিকল্পনা রয়েছে। ইতোমধ্যে খসড়া প্রশ্নপত্র তৈরি করা হয়েছে এবং খসড়া প্রশ্নপত্রের বিষয়ে আয়োজিত কর্মশালায় প্রাপ্ত মতামত/সুপারিশের আলোকে প্রশ্নপত্রটি পুণ:প্রস্তুত করা হচ্ছে। | নির্ধারিত সময়ের মধ্যে জরিপ কার্যক্রম পরিচালনা করতে হবে এবং এ লক্ষ্যে প্রশ্নপত্রটি দ্রুত চূড়ান্ত করতে হবে। | |
| ১১ | **ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ প্রকল্প:**<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২১-জুন ২০২৩ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪ কোটি ৯৯ লক্ষ ২০ হাজার টাকা (জিওবি)<br>প্রকল্প পরিচালক:<br>মিজ্ সৈয়দা মারুফা শাকি, উপপরিচালক, বিবিএস। | প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ২ কোটি ১০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৪৫ লক্ষ ৭৫ হাজার টাকা। আগস্ট, ২০২২ মাসে মোট ব্যয় ৩২ লক্ষ ৩৮ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ১৫.৪২%।<br>প্রকল্পের কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক সভায় জানান, প্রকল্পের আওতায় গত ২৮/০৮/২০২২ তারিখে ১ম সার্ভের কাজ সম্পন্ন হয়েছে এবং গত ১০/০৯/২০২২ তারিখে ডাটা এডিটিং এর কাজ শেষ হয়েছে। তিনি জানান আগামী ২৭/০৯/২০২২ তারিখে প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা রয়েছে। | ক) সঠিক ও নির্ভুল তথ্যের ভিত্তিতে রিপোর্ট প্রণয়ন করতে হবে।<br>খ) জরিপ সমাপ্তির এক (০১) মাসের মধ্যে প্রাথমিক রিপোর্ট প্রকাশের ব্যবস্থা নিতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) SID এবং প্রকল্প পরিচালক |
| ১২ | **খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প-২০২২:**<br>প্রকল্প মেয়াদ: জানুয়ারি ২২-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত।<br>প্রাক্কলিত ব্যয়: ৫ কোটি ১০ লক্ষ ৩২ হাজার টাকা (জিওবি)।<br>প্রকল্প পরিচালক:<br>জনাব আব্দুল হালিম, যুগ্মপরিচালক, বিবিএস। | প্রকল্পের ২০২২-২০২৩ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৩ কোটি টাকা (সম্পূর্ণ জিওবি)। ছাড়কৃত অর্থের পরিমাণ ৪৫ লক্ষ ৭০ হাজার টাকা। আগস্ট ২০২২ সময়ে ব্যয় হয়েছে মোট ৯১ হাজার টাকা। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ০.৩০%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান, কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। আগামী ০৩ অক্টোবর ২০২২ তারিখ একটি ইনসেপশন ওয়ার্কশপ অনুষ্ঠিত হবে। | ক) নির্ধারিত সময়ে ইনসেপশন ওয়ার্কশপ আয়োজন করতে হবে।<br>খ) সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ও ব্যয় পরিকল্পনা অনুসরণ করে প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি বৃদ্ধি করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), SID, মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-২) এবং প্রকল্প পরিচালক |
| ১৩ | **স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প:**<br>প্রকল্প মেয়াদ: জুলাই ২০২১-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত<br>প্রাক্কলিত ব্যয়: ৪৯ কোটি ৫৭ লক্ষ টাকা (জিওবি)<br>প্রকল্প পরিচালক:<br>জনাব মো. আলমগীর হোসেন, উপপরিচালক, | প্রকল্পের ২০২২-২৩ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৮০ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। আগস্ট, ২০২২ মাসে কোন অর্থ ছাড় হয়নি। এডিপি বরাদ্দের বিপরীতে ব্যয়ের হার ০.০০%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান, এডিপি বরাদ্দ প্রস্তাব প্রেরণের পরে প্রকল্পটি অনুমোদিত হওয়ায় প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরের এডিপিতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ পাওয়া যায়নি। তিনি জানান, প্রকল্পর অধিকাংশ অর্থ তথ্য সংগ্রহকারীদের বেতন/ভাতা বাবদ ব্যয় হয় বিধায় প্রয়োজনীয় অর্থ না পাওয়ায় ব্যয় করা যাচ্ছে না। | এ বিভাগের উপসচিব (উন্নয়ন-৩) এবং উপসচিব (পরিকল্পনা) সহ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ একত্রে আলোচনা করে উল্লেখিত প্রকল্পসমূহের প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য | অতিরিক্ত সচিব (উন্নয়ন) SID, মহাপরিচালক বিবিএস, উপসচিব (উন্নয়ন-২/৩/পরিকল্পনা) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ |

| ক্রঃনং | প্রকল্পের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | বিবিএস। | তিনি জানান, প্রকল্পটির প্রয়োজনীয় বরাদ্দের জন্য ইতোমধ্যে পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান, এ প্রকল্পটি ছাড়াও বিবিএস এর LAS প্রকল্প, কৃষি শুমারি প্রকল্প, শ্রমশক্তি জরিপ প্রকল্পের অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রয়োজন। এক্ষেত্রে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর থোক থেকে অর্থ সংস্থান না হলে পরিকল্পনা মন্ত্রণালয়ের বিশেষ থোক থেকে বরাদ্দ নেয়া যেতে পারে।<br><br>এ প্রসঙ্গে উপসচিব, উন্নয়ন-৩ সভায় জানান, পরিকল্পনা কমিশন থেকে জানানো হয়েছে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর থোক সম্পূর্ণটা শেষ হলে সেক্ষেত্রে বিশেষ থোক প্রদান করা হবে। | নিয়মানুযায়ী যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রস্তাব প্রেরণ করতে হবে। | |

### ৪। ২০২২-২০২৩ অর্থ বছরে অননুমোদিত প্রকল্পসমূহঃ

| ক্রঃ নঃ | প্রকল্পের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | **অর্থনৈতিক শুমারি- ২০২৩ প্রকল্প:**<br><br>প্রস্তাবিত মেয়াদ: জুলাই ২০২২-জুন ২০২৭ পর্যন্ত<br><br>প্রস্তাবিত ব্যয়: ৬৮৩ কোটি ৯৭ লক্ষ ২৭ হাজার টাকা (জিওবি)।<br><br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা:<br>জনাব আমজাদ হোসেন, যুগ্মপরিচালক, বিবিএস। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, গত ৩০/০৮/২০২২ তারিখে পুনর্গঠিত ডিপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। একই সাথে জনবল নির্ধারণের প্রস্তাব অর্থ বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে। | প্রকল্পটি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে এবং জনবল অনুমোদনের জন্য অর্থ বিভাগের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>মহাপরিচালক, বিবিএস<br>উপসচিব (পরিকল্পনা অধিশাখা)<br>এবং<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |
| ২ | National Statistical Data Warehouse and big data Analysis Platform<br><br>প্রস্তাবিত ব্যয়:<br>৯.৬৪ মিলিয়ন US$ (বৈদেশিক সাহায্য ৯.৪০ মিলিয়ন US$ এবং জিওবি ০.২৪ মিলিয়ন US$)।<br><br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা:<br>জনাব চন্দ্র শেখর রায়,<br>সিনিয়র মেইনটেনান্স ইঞ্জিনিয়ার, বিবিএস। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, Project Concept Paper চূড়ান্ত অনুমোদনের জন্য KOICA অফিসে প্রক্রিয়াধীন রয়েছে। এবিষয়ে KOICA এর সংশ্লিষ্ট ফোকাল পার্সনের সাথে যোগাযোগ রাখা হচ্ছে। | ক) KOICA এর সংশ্লিষ্ট ফোকাল পার্সনের সাথে যোগাযোগ অব্যহত রাখতে হবে।<br><br>খ) বিবিএস এর আইটির বর্তমান অবস্থা সম্পর্কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা একটি পজিশন পেপার তৈরী করবেন। | অতিরিক্ত সচিব (উন্নয়ন),<br>মহাপরিচালক, বিবিএস<br>উপসচিব (পরিকল্পনা অধিশাখা)<br>এবং<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | Strengthening Statistical Capacity of BBS Project (SSC-BBS Project)<br>প্রস্তাবিত মেয়াদ: অক্টোবর ২০২২ থেকে জুন ২০২৭ পর্যন্ত।<br>প্রস্তাবিত ব্যয়:<br>১৩৮৩.০১ লক্ষ টাকা যার মধ্যে ২৩৬.৯৪ লক্ষ টাকা জিওবি এবং ১১৪৬.০৭ লক্ষ টাকা পিএ অর্থে বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে।<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা:<br>জনাব আমজাদ হোসেন, যুগ্মপরিচালক, বিবিএস। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, প্রকল্পটির টিএপিপি অনুমোদনের জন্য গত ৩১/০৮/২০২২ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। একই সাথে জনবল অনুমোদনের জন্য অর্থ বিভাগেও প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | ক) প্রকল্পটি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে এবং জনবল অনুমোদনের জন্য অর্থ বিভাগের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখতে হবে।<br><br>খ) নরমাল এরিয়ার সাথে দুযোর্গপ্রবণ এলাকাতে VAW (Violence Against Women) এর তুলনা/পরিসংখ্যান প্রস্তুতের বিষয়ে UN WOMEN এবং UNFPA এর সাথে আলোচনা করা যেতে পারে। প্রকল্প পরিচালক ECDS বিষয়টি পরবর্তী সভায় অবহিত করবেন। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>মহাপরিচালক, বিবিএস<br>উপসচিব (পরিকল্পনা অধিশাখা)<br>প্রকল্প পরিচালক ECDS প্রকল্প, বিবিএস<br>এবং<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |

## ৫.০। বিবিধ:

| ক্রঃ নঃ | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | **উন্নয়ন প্রকল্পসমূহের ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও সভায় উপস্থাপন** | বিবিএস এর উন্নয়ন প্রকল্পসমূহের ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও উপস্থাপন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>এ প্রসংগে সভাপতি প্রকল্পগুলোর মাসভিত্তিক কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা ও অর্জন সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | সকল প্রকল্প পরিচালক-কে সভা অনুষ্ঠানের নির্ধারিত সময়ের পূর্বেই নিজ নিজ প্রকল্পের মাসভিত্তিক i) কর্মপরিকল্পনা ও অর্জন এবং ii) ক্রয় পরিকল্পনা ও অর্জন সংক্রান্ত তথ্যাদি উন্নয়ন-১ অধিশাখায় প্রেরণ করতে হবে এবং সে অনুযায়ী সভায় উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন),<br>মহাপরিচালক, বিবিএস<br>উপসচিব (উন্নয়ন-১)<br>ও<br>প্রকল্প পরিচালক (সকল) |
| ২ | **গণনাকারীদের তালিকা/ডাটাবেস প্রস্তুত সংক্রান্ত।** | গণনাকারীদের নামের তালিকার ডাটাবেসটি কার্যকর করার বিষয়ে সেন্সাস উইং এবং কম্পিউটার উইং এর মধ্যে গ্যাপ নিরসনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ক) সেন্সাস উইং এবং কম্পিউটার উইং একত্র বলে বর্ণিত ডাটাবেসের গ্যাপ নিরসন করবেন।<br><br>খ) বিবিএস থেকে প্রেরিত নতুন প্রকল্প প্রস্তাবে এই ডাটাবেসের একটি তালিকা সংযুক্ত করতে হবে।<br><br>গ) কোন কোন প্রকল্প প্রস্তাবে কতজন করে নেয়া হয়েছে সে সম্পর্কে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ শাখা কর্মকর্তা সভায় অবহিত করবেন। | মহাপরিচালক, বিবিএস<br>পরিচালক<br>সেন্সাস উইং/ কম্পিউটার উইং, বিবিএস,<br>উপসচিব (পরিকল্পনা অধিশাখা) SID<br>এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিবিএস। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | **মাসিক এডিপি পর্যালোচনা সভা অনুষ্ঠান ও সভায় উপস্থিতি** | প্রতিমাসে একটি নিদিষ্ট সময়ে মাসিক এডিপি পর্যালোচনা সভা অনুষ্ঠান এবং সভায় সংশ্লিষ্টদের উপস্থিতির বিষয়ে আলোচনা হয়। | ক) প্রতি মাসের ৩য় সপ্তাহে সভা অনুষ্ঠান করতে হবে।<br><br>খ) যথাযথ কর্তৃপক্ষের অনুমতি এবং যথাযথ কারণ ব্যতীত সংশিষ্ট সকলকে আবশ্যিকভাবে সভায় উপস্থিত থাকতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), মহাপরিচালক, বিবিএস, প্রকল্প পরিচালক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (সকল) বিবিএস এবং SID এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| ৪ | **এডিপি বাস্তবায়ন** | এডিপি বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ে সভাপতি অসন্তোষ প্রকাশ করে লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে তৎপর থাকার নির্দেশনা প্রদান করেন। | যুক্তিসঙ্গত কারণ ছাড়া কোন প্রকল্প এডিপি বাস্তবায়নে জাতীয় অগ্রগতি থেকে পরপর ০৩ মাস পিছিয়ে থাকলে কারণ দর্শানোসহ প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহাপরিচালক, বিবিএস উপসচিব (উন্নয়ন-১/২/৩) ও প্রকল্প পরিচালক (সকল), বিবিএস |
| ৫ | **নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্তকরণ** | সভাপতি বিবিএস এ বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ ডিপিপি/টিএপিপি অনুযায়ী নির্ধারিত মেয়াদে সমাপ্তকরণের উপর গুরুত্বারোপ করে যথাসময়ে প্রকল্প সমাপ্তির নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), মহাপরিচালক, বিবিএস, উপসচিব (উন্নয়ন-১/২/৩) ও প্রকল্প পরিচালক (সকল) বিবিএস |
| ৬ | **উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাদের শুমারি/জরিপ কার্যক্রমে সম্পৃক্তকরণ** | বিবিএস কর্তৃক বিভিন্ন শুমারি ও জরিপ কার্যক্রম পরিচালনায় সংশ্লিষ্ট উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাদের সম্পৃক্তকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | বিবিএস কর্তৃক পরিচালিত বিভিন্ন শুমারি ও জরিপ কার্যক্রমে সংশ্লিষ্টতার ভিত্তিতে উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাদেরকে আবশ্যিকভাবে সম্পৃক্ত করতে হবে। | মহাপরিচালক, বিবিএস ও প্রকল্প পরিচালক (সকল), বিবিএস |

৬। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৯/০৯/২০২২
(ড. শাহনাজ আরেফিন এনডিসি)
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০০৮.০৬.৪৪০.২২ (অংশ-১)-৪১৭/১

তারিখ: ১৪ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ / ২৯ সেপ্টেম্বর, ২০২২ খ্রি.

**<u>বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৩। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
৪। যুগ্মপ্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ/কার্যক্রম বিভাগ/কৃষি বিভাগ/শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৫। উপসচিব (উন্নয়ন-১ /২ /৩ অধিশাখা/পরিকল্পনা অধিশাখা/এসডিজি সেল/বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
৬। উপসচিব, বাজেট অধিশাখা-২৬, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা/পরিচালক, পরিবীক্ষণ মূল্যায়ন সেক্টর-৮, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা/সিনিয়র সহকারী সচিব, ফাবা শাখা-৬, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। পরিচালক, সেন্সাস উইং/কৃষি উইং/ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং/ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং/কম্পিউটার উইং/ন্যাশনাল একাউন্টিং উইং (জিডিপি ও বৈদেশিক বাণিজ্য/মূল্য ও মজুরি), বিবিএস।

৮। প্রকল্প পরিচালক, জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্প/National Strategy for Development of Statistics (NSDS) Implementation Support প্রকল্প/ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (NHD) প্রকল্প/হাউজহোল্ড ইনকাম অ্যান্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES ২০২০-২১) প্রকল্প/কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প/Improvement of GDP Compilation and Rebasing of Indices Project/পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প/জাতীয় প্রতিবন্ধী ব্যক্তি জরিপ ২০১৯ প্রকল্প/শ্রম শক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প/টেকসই উন্নয়ন অভীষ্ট পরিবীক্ষণে প্রায়োগিক স্বাক্ষরতা নিরূপণ জরিপ (LAS) প্রকল্প/Measuring ICT Access and Use by Households and Individuals প্রকল্প/খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান- প্রকল্প ২০২২/স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প, বিবিএস, ঢাকা।

৯। জনাব আমজাদ হোসেন, যুগ্মপরিচালক ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প ও Strengthening Statistical Capacity of BBS Project (SSC-BBS Project, বিবিএস, ঢাকা।

১০। জনাব, চন্দ্র শেখর রায়, সিনিয়র মেইনটেনান্স ইঞ্জিনিয়ার, বিবিএস ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, National Statistical Data Warehouse and big data Analysis Platform প্রকল্প, বিবিএস, ঢাকা।

১১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ **(ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থার অনুরোধসহ)।**

৫। অফিস কপি/গার্ড নথি।

২৭/০৩/২০২২

নূরজাহান
উপসচিব
☎ ৫৫০০৭০৮৯

**২৫/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র উন্নয়ন প্রকল্পসমূহের আগস্ট/২০২২ মাসের অগ্রগতি পর্যালোচনা সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষরঃ**

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | টেলিফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | মোঃ মতিয়ার রহমান<br>ডিজি | BBS | 01712-010216 | [signature] 25/9/22 |
| ২। | মো: আবু বকর সিদ্দিক<br>অতিরিক্ত সচিব | SID | 01715-002101 | [signature] 25.09.22 |
| ৩। | কাজী নূরুল ইসলাম<br>উপমহাপরিচালক | BBS | 01711-302830<br>ddg@bbs.gov.bd | [signature] 25.09.2022 |
| ৪। | শিরীন রুবী<br>যুগ্মসচিব | SID | 01715-009230 | [signature] 25/9/22 |
| ৫। | দিপংকর রায়<br>প্রকল্প পরিচালক | HIES<br>BBS | 01732363039<br>dr.roy.rd@gmail.com | [signature] 25/9/2022 |
| ৬। | মো: দিলদার হোসেন<br>প্রকল্প পরিচালক | PHC-2021<br>NSDS-ISP | 01715301843 | [signature] 25.09.2022 |
| ৭। | মোহাম্মদ আব্দুল কাদির মিয়া<br>প্রকল্প পরিচালক | IGC&RI Project | 01556304639<br>makm_fyff@yahoo.com | [signature] 25.9.2022 |
| ৮। | কবির উদ্দিন আহম্মেদ<br>পরিচালক | [illegible] | 01711022636<br>kabir.ddd@gmail.com | [signature] |
| ৯। | আলাউদ্দিন আল আজাদ<br>প্রকল্প পরিচালক | কৃষি শুমারি-2019 প্রকল্প | 01712843330<br>alauddin0270@yahoo.com | [signature] 25/9/2022 |
| ১০। | মো: মোস্তাফিজুর রহমান<br>উপসচিব | SID | 01914878320<br>ae25mostfu@yahoo.com | [signature] 25/9/2022 |

-২০-


| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | টেলিফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১১। | মো: আব্দুল হালিম প্রকল্প পরিচালক | খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প 2022 | 01717-250549 bbs.halim@gmail.com | |
| ১২। | সৈয়দা মারুফা শাহি প্রকল্প পরিচালক | Measuring ICT project | 01731047449 syedamarufashahi@gmail.com | |
| ১৩। | মোহাম্মদ খালেদ-উর-রহমান উপসচিব | SID | 01818677724 dsbudget@sid.gov.bd | |
| ১৪। | মুহাম্মদ আতাউর রহমান সিদ্দিকী, উপসচিব | SID | 01711186528 ataursiddique@yahoo.com | |
| ১৫। | মহিউদ্দিন আহমেদ উপপ্রকল্প পরিচালক HIES 2020-21 | BBS | 01711952333 mohiuddin.bbs@gmail.com | |
| ১৬। | আজিজা রহমান, পিডি প্রকল্প পরিচালক | LFS Survey Project, BBS | 01713640640 r.aziza@gmail.com | |
| ১৭। | ইফতেখাইরুল করিম প্রকল্প পরিচালক | NSPD প্রকল্প বিবিএস | 01718439109 iftekharbbs@gmail.com | |
| ১৮। | মো. আলমগীর হোসেন প্রকল্প পরিচালক | SVRS প্রকল্প বিবিএস | 0২৭৮৯৯88২88 alamgir.hossen@bbs.gov.bd | |
| ১৯। | ইন্দু শেখর রায় F.P.O. KOICA,P. | BBS. | 01556-462036 esroy@gmail | |
| ২০। | মো: রফিকুল ইসলাম প্রকল্প পরিচালক | বিবিএস | 01712-141750 rafiqbbs25@gmail.com | |
| ২১। | মো. গোলাম মোস্তফা প্রকল্প পরিচালক | বিবিএস | 01720212215 mostofa4[illegible]@gmail.com | ২৫/০৯/2022 |
| ২২। | কাজী তোফায়েল হোসেন প্রকল্প পরিচালক | এনএইচডি বিবিএস | 01746447788 | ২৫/৯/২২ |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | টেলিফোন/মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৩। | মোঃ ওয়াহিদ মুরাদ প্রোগ্রামার | SID | ০১৭১৭১২৫৩১১ | [illegible] |
| ২৪। | | | | |
| ২৫। | | | | |
| ২৬। | | | | |
| ২৭। | | | | |
| ২৮। | | | | |
| ২৯। | | | | |
| ৩০। | | | | |
| ৩১। | | | | |
| ৩২। | | | | |
| ৩৩। | | | | |
| ৩৪। | | | | |

Remaining Meeting Time: 03:31 Stop Share

## প্রকল্পটির বিগত ... স্তবায়ন অগ্রগতি

| ক্রঃ নং | প্রকল্পের নাম | বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি (প্রকল্প দপ্তর হতে প্র |
|---|---|---|---|
| | স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম ইন ডিজিটাল প্লাটফর্ম প্রকল্প<br><br>প্রকল্প পরিচালক:<br>জনাব মো: আলমগীর হোসেন উপপরিচালক, বিবিএস। | ক) SVRS ২০২১ এর বার্ষিক রিপোর্টে প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যাখ্যা থাকতে হবে।<br><br>খ) অর্থ বরাদ্দ প্রাপ্তি, অর্থছাড়করণ ও আইবাস অবমুক্তকরণ এর কার্যাদি দ্রুত সম্পন্ন করার নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ক) SVRS 2021 এর ব রিপোর্ট প্রণয়নের কাজ চ রয়েছে এবং রিপোর্টে প্রযোজ্য প্রয়োজনীয় ব্যাখ্যা প্রদান করা হ<br><br>খ) এডিপিতে প্রয়োজনীয় বরা পাওয়ায় ইতোমধ্যে অতি বরাদ্দের জন্য পরিকল্পনা কমি প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং প্রক্রিয়াধীন রয়েছে। |




Activate Windows
Go to Settings to activate Windows.

43